



রেজিস্ট্রারের কার্যালয়  
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়  
ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪



সূত্র : জাককানইবি/একাডেমিক/৩৪/০৭/পার্ট-১/১৭৩৪

তারিখ: ১২/০৭/২০২১ খ্রি:

### জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্দেশনা মোতাবেক জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের অনাবাসিক শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকা কার্যক্রমের জন্য ইউজিসি কর্তৃক নির্ধারিত ছকে জাতীয় পরিচয়পত্র নম্বরসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলী প্রদান করে তালিকাভুক্ত হওয়ার জন্য বিভাগওয়ারি নামের তালিকা চূড়ান্ত করে বিভাগ হতে জরুরিভিত্তিতে আগামী ১৮/০৭/২০২১ তারিখের মধ্যে রেজিস্ট্রার দপ্তরের একাডেমিক শাখায় ইমেইলে জমা দিতে বিশেষভাবে অনুরোধ করছি। এখানে বিশেষভাবে উল্লেখ্য, যারা আগে আবাসিক কোটায় তথ্য প্রদান করেছেন তাদের পুনরায় তথ্য দেওয়ার প্রয়োজন নেই। তাছাড়া সরকারি নির্দেশে বিশ্ববিদ্যালয় বন্ধ রয়েছে বিধায় পুরো কার্যক্রমটি ভার্চুয়ালি/অনলাইনে করার জন্য অনুরোধ করছি।

তথ্য প্রদানের জন্য ইউজিসির শর্তাবলী (১. এনআইডি নম্বর নেই এমন কোন শিক্ষার্থীর তথ্য দেওয়া যাবে না এবং ২. এনআইডি নম্বর অবশ্যই ইংরেজিতে ও টেক্সট ফরমেটে হতে হবে) যথাযথভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত ছক ও শর্তাবলী সম্বলিত ইউজিসির আদেশের কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে

(কৃষিবিদ ড. মোঃ হুমায়ুন কবীর)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ।

মোবাইল-০১৭১৫-২৮১৮৯২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

মাননীয় ট্রেজারার, সকল অনুষদীয় ডিন, সকল বিভাগ ও দপ্তর প্রধানবৃন্দ (উপাচার্য মহোদয়কে সদয় অবগতকরণসহ)।